প্রথম আলো

তাং 22 NOV 2017
পৃষ্ঠা ৭ কলাম ২

### শেষ হচ্ছে প্রকল্পের মেয়াদ

# দুরবস্থায় ঝালকাঠির সেকায়েপ শিক্ষক

ঝালকাঠি প্রতিনিধি

শিক্ষা মন্ত্রণালয়ের সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্টের (সেকায়েপ) আওতায় অতিরিক্ত শিক্ষকদের (এসিটি) মেয়াদ শেষ হতে চলছে চলতি বছর শেষে। একইসাথে গত পাঁচ মাস ধরে পাচ্ছে না বেতন। এতে হতাশা আর দরিদ্রতায় পড়েছেন প্রকল্পে কর্মরত ঝালকাঠির শত শিক্ষক।

চাকরিতে স্থায়ীকরণ ও বকেয়া বেতন দাবিতে সারা দেশের ছয় হাজার শিক্ষকের সাথে চালিয়ে যাচ্ছেন আন্দোলন কর্মসূচিও। সেকায়েপ শিক্ষকদের সংগঠন ঝালকাঠি এটিসি অ্যাসোসিয়েশন জানায়, ২০১৪ সালের শেষদিকে দেশের ৬২টি উপজেলায় এ প্রকল্পের আওতায় সারা দেশে ছয় হাজার শিক্ষককে নিয়োগ দেয়া হয়। ঝালকাঠির জেলার রাজাপুর উপজেলায় ১৪২ জন শিক্ষককে ৬২টি স্কুল, মাদ্রাসা ও কলেজ ইয়েটের মাধ্যমিক পর্যায়ে নিয়োগ দেয়া হয়। মাধ্যমিক পর্যায়ের ইংরেজি, গণিত ও বিজ্ঞানে অতিরিক্ত শিক্ষক হিসেবে তারা পাঠদান করে আসছেন। তাদের নিয়তি ক্লাস ছাড়াও অতিরিক্ত আরও ১৬টি ক্লাস নিতে হচ্ছে। প্রকল্পের এসব শিক্ষক দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উচ্চ ডিগ্রিধারী, অনেকে বিএড ও এমএম ।

এব্যাপারে ঝালকাঠি জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রাণ গোপাল দে বলেন, মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে অংক, বিজ্ঞান ও ইংরেজি শিক্ষকের যথেষ্ট অভাব রয়েছে। সেকায়েপের এ প্রকল্পে অতিরিক্ত শিক্ষক হিসেবে যাদের নিয়োগ দেয়া হয়েছে তারা নিঃসন্দেহে মেধাবী। প্রকল্পভুক্ত না করে তাদের সরাসরি নিয়োগ দিয়ে এমপিওভুক্ত করে নিলে প্রতিষ্ঠান আরও উপকৃত হবে বলেন জেলা মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা।